

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৬২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১৪. শীতের রাতে জামা'আতে উপস্থিত না হওয়া

باب التَّخَلُّفِ عَنِ الْجَمَاعَةِ، فِي اللَّيْلَةِ الْبَارِدَةِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ عُبَيْدِ اللهِ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، أَنَّهُ نَادَى بِالصَّلَاةِ بِضَجْنَانَ فِي لَيْلَةٍ ذَاتِ بَرْدٍ وَرِيحٍ فَقَالَ فِي آخِرِ نِدَائِهِ أَلَا صَلُوا فِي رِحَالِكُمْ أَلَا صَلُوا فِي الرِّحَالِ ثُمَّ قَالَ إِنَّ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم كَانَ يَأْمُرُ الْمُؤَذِّنَ إِذَا كَانَتْ لَيْلَةٌ بَارِدَةٌ أَوْ ذَاتُ مَطَرٍ فِي سَفَرٍ يَقُولُ أَلَا صَلُوا فِي رِحَالِكُمْ.

_ صحيح

বাংলা

১০৬২। নাফি' (রহঃ) সূত্রে বর্ণিত। একদা ইবনু 'উমার (রাঃ) প্রচন্ড শীত ও ঝড়ো হাওয়ার রাতে দাজনান নামক স্থানে সালাতের জন্য আযান দেন এবং আযান শেষে ঘোষণা করেন, সকলেই নিজ নিজ জায়গাতে সালাত আদায় করে নাও, সকলেই নিজ নিজ জায়গাতে সালাত আদায় করে নাও। অতঃপর বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম সফরকালীন প্রচন্ড শীত কিংবা বৃষ্টির রাতে মুয়াযযিনকে ঘোষণা করতে আদেশ দিতেনঃ তোমরা সকলেই নিজ নিজ স্থানে সালাত আদায় করে নাও।[1]

সহীহ।

English

Narrated Abdullah ibn Umar:

Nafi' said: Ibn Umar made the call to prayer at Dajnan (a place between Mecca and Medina), on a cold and windy night. He added the words at the end of the call: "Lo! pray in your dwellings. Lo! pray in the dwellings." He



then said: The Messenger of Allah (ﷺ) used to command the mu'adhdhin to announce, "Lo! pray in your dwellings." on a cold or rainy night during journey.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ মুসাফিরদের জামা'আতের জন্য আযান ও ইকামাত দেয়া, হাঃ ৬৩২), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ বৃষ্টির দিনে বাড়িতে সালাত আদায় করা) সকলে 'উবাইদুল্লাহ হতে নাফি' সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন